

পরিবর্তিত ও উন্নত বাংলাদেশ গড়তে দূরদর্শি নেতৃত্বের অধিকারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

--নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান

ঢাকা, ০১ জানুয়ারি ২০১৯;

অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকলকে আন্তরিকতা এবং নিষ্ঠার সাথে কাজ করতে হবে। জনগণের কল্যাণের জন্য পরিশ্রম করার বিকল্প নেই। পরিবর্তিত ও উন্নত বাংলাদেশ গড়তে দূরদর্শি নেতৃত্বের প্রয়োজন। আর সে নেতৃত্বের অধিকারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর নেতৃত্বেই বাংলাদেশ অতীষ্ঠ লক্ষ্যে এগিয়ে যাবে।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক অনুষ্ঠানে এসব কথা বলেন।

নৌপরিবহন মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ মন্ত্রণালয়ের সভাকক্ষে খ্রিস্টাব্দ ২০১৯-কে বরণ এবং ৭ম বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় নৌপরিবহন মন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাতে অনুষ্ঠানের আয়োজন করে।

মন্ত্রী বলেন, এখন সময় এসেছে দেশের মানুষের জন্য কাজ করার। মুক্তিযোদ্ধাদের রক্তের ঋণ শোধ করার এখন উপযুক্ত সময়। কাজের মাধ্যমেই তাদের ঋণ শোধ করা সম্ভব। জঙ্গি, সন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

শাজাহান খান বলেন, নৌপরিবহন মন্ত্রণালয় একটি নাম গন্ধহীন মন্ত্রণালয় ছিল। প্রধানমন্ত্রীর সঠিক দিক নির্দেশনায় আপনাদের সহযোগিতায় নৌপরিবহন মন্ত্রণালয় একটি উল্লেখযোগ্য মন্ত্রণালয়ে পরিণত হয়েছে। তিনি আশা করেন, নৌপরিবহন মন্ত্রণালয় তথা দেশের উন্নয়নে আগামীতেও কর্মকর্তা-কর্মচারীদের সহযোগিতা অব্যাহত থাকবে।

এসময় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের সচিব মো: আবদুস সামাদ, অতিরিক্ত সচিব এম এম তারিকুল ইসলাম, পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর এম জাহাঙ্গীর আলম, নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, যুগ্মসচিব সাইফুল ইসলাম বাদল এবং হিসাব রক্ষণ কর্মকর্তা মো: আতিকুল ইসলাম সুমন বক্তব্য রাখেন।

(মো: জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com